জনাব মোঃ আবদুল হালিম, সচিব, শিল্প মন্ত্রণালয়
এর
বিসিক শিল্প নগরী, জামালপুর পরিদর্শন প্রতিবেদন

গত ১৫ মার্চ ২০১৯ তারিখে সকাল ১১.০০ ঘটিকায় শিল্প মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ আবদুল হালিম বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) এর নিয়ন্ত্রণাধীন বিসিক শিল্প নগরী, জামালপুর পরিদর্শন করেন। পরিদর্শনকালে বিসিক জামালপুর কার্যালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন। শিল্প সচিব পরে কর্মকর্তাদের সাথে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। কর্মকর্তারা বিসিক শিল্প নগরীর বর্তমান কার্যক্রম, সমস্যা, সম্ভাবনা ও উদ্যোগ সচিবের সামনে উপস্থাপন করেন। সচিব বিসিকের কার্যক্রম আরো গতিশীল ও কার্যকর করতে কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন।

২.০। **বিসিক শিল্প নগরী, জামালপুরঃ**

ক)	শিল্প নগরীর অবস্থান	: দাপুনিয়া, জামালপুর
খ)	প্রকল্প অনুমোদনের তারিখ	: ১৮ ডিসেম্বর ১৯৮০
গ)	প্রকল্প বাস্তবায়নের তারিখ	: ৩০ জুন ১৯৯০
ঘ)	প্রকল্প ব্যয়	: ১৬৭.৬৬ লাখ টাকা
ঙ)	মোট জমির পরিমাণ	: ২৬.৩০ একর
চ)	প্লটের জমির পরিমাণ	: ১৯.৫৬ একর
ছ)	প্রকল্প শুরুর তারিখ	: ৩০ জুন ১৯৮০
জ)	প্রকল্প সমাপ্তি তারিখ	: ৩০ জুন ১৯৯০
ঝ)	প্রশাসনিক ভবন এলাকায় জমির পরিমাণ	: ১.১৮ একর
ঞ)	পুকুরের জমির পরিমাণ	: ১.৬১ একর
ট)	মসজিদের জন্য ব্যবহৃত জমির পরিমাণ	: ০.৩৩ একর
ঠ)	রাস্তা ও ড্রেনে জমির পরিমাণ	: ৩.৬২ একর
ড)	মোট প্লট সংখ্যা	: ১৯৭ টি
ঢ)	মোট বরাদ্দকৃত প্লট সংখ্যা	: ১৯৭ টি
ণ)	অবরাদ্দকৃত প্লট সংখ্যা	: শূন্য
ত)	মোট শিল্প ইউনিট সংখ্যা	: ৮৪টি
থ)	উৎপাদনরত শিল্প ইউনিটের সংখ্যা	: ৪৪টি
দ)	উৎপাদন/নির্মাণের অপেক্ষায় শিল্প ইউনিট সংখ্যা	: ০৫টি
ধ)	বন্ধ শিল্প ইউনিট সংখ্যা	: ২৩টি
ন)	রুগ্ন শিল্প ইউনিটের সংখ্যা	: ০৩ টি
প)	বন্ধ/মামলা শিল্প ইউনিট	: ০৮ টি
ফ)	বেসরকারি উদ্যোক্তাদের মোট বিনিয়োগ	: ৬০০.৭০ কোটি টাকা
ব)	মোট উৎপাদন পণ্যের মূল্য	: ২০৪৮.৬৫ কোটি টাকা
ভ)	শিল্প ইউনিট থেকে বার্ষিক মোট রাজস্ব আদায়	: ২৫.২০ কোটি টাকা
ম)	উৎপাদনরত শিল্প ইউনিটের কর্মসংস্থান	: ৫,৬১৬ জন

২.১। **শিল্প প্লটের বিবরণঃ**

ক্রমিক	প্লট টাইপ	প্লটের সাইজ	পরিমাণ (বর্গফুট)	উন্নত প্লট সংখ্যা	অনুন্নত প্লট সংখ্যা	মোট প্লট সংখ্যা
১	এ-টাইপ	৯০´.০´ X ৫০´.০´	৪৫০০ বর্গফুট	৪৫টি	-	৪৫টি
২	বি-টাইপ	৭৫´.০´ X ৪০´.০´	৩০০০ বর্গফুট	৫৮টি	-	৫৮টি
৩	বি-টাইপ	৯০´.০´ X ৩৩´.৪´	৩০০০ বর্গফুট	৬১টি	-	৬১টি
৪	এস-টাইপ	-	-	৩৩টি	-	৩৩টি
	মোট			১৯৭টি	-	১৯৭টি

২.২। খাতওয়ারি বিভিন্ন প্রকার শিল্প ইউনিটঃ

ক্রমিক নং	খাত	ইউনিট সংখ্যা						মন্তব্য
		মোট ইউনিট	চালু শিল্প ইউনিট	রুগ্ন	উৎপাদনের অপেক্ষায়/ নির্মাণাধীন	মামলা	বন্ধ	
০১।	খাদ্য ও খাদ্যজাত	২৯টি	১৩টি	০২টি	০১টি	০২টি	১১টি	-
০২।	প্রকৌশল	১৩টি	০৮টি		০১ টি	০৩টি	০১টি	গ্যাস সংযোগ নেই
০৩।	বস্ত্র ও বস্ত্রজাত	০৬টি	০২টি	০১টি	০১/০২=০৩টি	-	-	
০৪।	বন ও বনজ	০৬টি	০৫টি	-	-	-	০১টি	-
০৫।	রসায়ন ও ফার্মাসিউটিক্যাল	১০টি	০৮টি	-	-	-	০২টি	-
০৬।	প্লাস্টিকজাত	১১টি	০৪টি	-	-	০২টি	০৫টি	-
০৭।	প্রিন্টিং অ্যান্ড প্রেস	০১টি	-	-	-	০১টি	-	
০৮।	হিমাগার	০১টি	০১টি	--	-	-	-	-
০৯।	বিবিধ	০৫টি	০৩টি	-	-	-	০২টি	-
১০।	চামড়া ও চামড়াজাত	০১টি	০১টি	-	-	-	-	-
	মোট =	৮৩টি	৪৫টি	০৩টি	০৫টি	০৮টি	২২টি	

২.৩। শিল্প সহায়ক কেন্দ্র ও শিল্প নগরীর সমস্যাঃ

বিসিক জামালপুরের কর্মকর্তারা শিল্প সচিবকে নিম্নোক্ত সমস্যাসমূহ অবহিত করেন:

ক) বিসিক জামালপুরে শিল্প সহায়ক কেন্দ্রে জনবল কম। কর্মকর্তার ০৭টি পদে ৩ জন কর্মরত রয়েছেন।

খ) ডাক ও তার খাতে বাজেট স্বল্পতার কারণে চিঠিপত্র প্রেরণ করতে সমস্যা হয়। এছাড়াও শিল্প সহায়ক কেন্দ্রে রাজস্ব খাতে কোন পিয়ন কর্মরত না থাকায় দৈনিক একশ টাকা হারে একজন দৈনিক ভিত্তিক পিয়ন নিয়োগ করা হয়েছে।

গ) শিল্প নগরীর অভ্যন্তরে রাস্তার পরিমাণ ৫ হাজার একশ ফুট এবং ড্রেন কালভার্টসহ ১০ হাজার ২শ ফুট। বিগত ২০১৬-১৭, ২০১৭-১৮ ও ২০১৮-২০১৯ অর্থবছরে ২ হাজার ৫শ ফুট রাস্তা এবং ৫ হাজার ফুট ড্রেন সংস্কার করা হয়েছে। উক্ত কাজ সংস্কার বাবদ ব্যয় হয়েছে ১.৪৫ কোটি টাকা। অবশিষ্ট ২ হাজার ৬শ বর্গফুট রাস্তা এবং ৫ হাজার ২শ বর্গফুট ড্রেন মেরামত জরুরি। বর্তমানে একটু বৃষ্টি হলেই জলাবদ্ধতার সৃষ্টি হয়।

৩.০। শিল্প সচিবের নির্দেশনাঃ

৩.১ জামালপুর শিল্প নগরীতে যে কয়টি শিল্প ইউনিট রয়েছে তাদের ব্যবস্থাপনার সাথে কথা বলতে হবে। তাদেরকে দক্ষ করে তুলতে হবে। আধুনিক পণ্য সম্পর্কে ধারণা দিতে হবে। দেশের ভেতরে ও দেশের বাইরে মার্কেটের সাথে তাদের যোগসূত্র স্থাপন করে দিতে হবে। উদ্ভাবনী কাজে উদ্যোক্তাদের সার্বিক সহযোগিতা করতে হবে।

৩.২ বর্তমানে বন্ধ ২২ শিল্প প্রতিষ্ঠানের সমস্যা সমাধান করতে হবে। তাদেরকে পরামর্শ ও সহযোগিতা প্রদান করতে হবে।

৩.৩ জেলা প্রশাসক ও জেলা পুলিশ সুপারের সাথে সব সময় যোগাযোগ রাখতে হবে। জেলা প্রশাসক যে সভায় ডাকবেন তাতে অংশ নিতে হবে। প্রশাসনের সাথে ব্যক্তিগত সম্পর্ক বৃদ্ধি করতে হবে।

৩.৪ শিল্প নগরীর ড্রেন, রাস্তা, পুকুরের পাড়সহ সকল অবকাঠামো নির্মাণ ও সংস্কারের জন্য দ্রুত ডিপিপি তৈরি করে প্রস্তাব প্রেরণ করতে হবে।

৩.৫ বিসিক জামালপুরে একজন সহকারী মহাব্যবস্থাপকের পদায়ন করতে হবে। শূন্যপদে পদায়ন পর্যন্ত সবাই মিলে টিমে সকল কাজ সম্পাদন করতে হবে।

৩.৬ নতুন নতুন শিল্পোদ্যোক্তা সৃষ্টি করে শিল্প নিবন্ধন কার্যক্রমের আওতা বাড়াতে হবে। জেলায় নতুন কী ধরণের শিল্প তৈরি হচ্ছে তার খোঁজ খবর রাখতে হবে। এজন্য জেলার সবখানে ঘুরতে হবে। এনজিওদের সাথেও যোগাযোগ করতে হবে।

৩.৭ অফিস ভবনসহ শিল্প নগরীর অভ্যন্তরের শিল্প ইউনিটসহ রাস্তা- ঘাট ও ড্রেন-কালভার্ট সব সময় পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

৩.৮ ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউটের সাথে যোগাযোগ করতে হবে। তারা যে ধরণের প্রশিক্ষণ দেয় তা বিসিকের অভ্যন্তরে ও বাইরের উদ্যোক্তাদের প্রদানের ব্যবস্থা করতে হবে। প্রশিক্ষকদের বিসিকে নিয়ে এসে বা তাদের সেখানে গিয়ে প্রশিক্ষণ দিতে হবে। জেলায় বিদেশ থেকে প্রশিক্ষণপ্রাপ্ত কেউ থাকলে বা সফল উদ্যোক্তাদের ডেকেও তাদের কাছ থেকে নতুন উদ্যোক্তাদের জন্য অভিজ্ঞতা শেয়ারিংয়ের ব্যবস্থা করতে হবে।

৩.৯ সম্ভাবনাময়ী শিল্প ইউনিট স্থাপনের জন্য শিল্প উদ্যোক্তা চিহ্নিতকরণসহ বিভিন্ন সেমিনারের আয়োজন করতে হবে এবং শিল্প উদ্যোক্তাদের নিজস্ব পণ্য প্রদর্শনীর জন্য বিভিন্ন মেলার আয়োজন করা বা শিল্প উদ্যোক্তাদের অন্যান্য মেলায় অংশ গ্রহণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩.১০ এ জেলায় বেপজার জমি রয়েছে কী না তা খোঁজ নিতে হবে। জমি পাওয়া গেলে বিসিক সম্প্রসারণের প্রস্তাব দিতে হবে।

৩.১১ স্বচ্ছতা ও সততার সাথে ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন (এসএমসিআইএফ) এর ঋণ বিতরণ করতে হবে। বিতরণকৃত ঋণ শতভাগ আদায় করতে হবে।

৪.১। বাস্তবায়নেঃ

ক) চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), বিসিক
খ) অতিরিক্ত সচিব, বিসিক, শিল্প মন্ত্রণালয়
গ) জনাব মোহাং সেলিম উদ্দিন, যুগ্ম, সচিব (বিসিক) ও নির্বাহী পরিচালক, এসএমসিআইএফ, শিল্প মন্ত্রণালয়
ঘ) জেলা প্রশাসক, জামালপুর
ঙ) জনাব সম্রাট আকবর, প্রমোশন অফিসার ও সহকারী মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), শিল্প সহায়ক কেন্দ্র, জামালপুর
চ) জনাব শফি আহমেদ, শিল্প নগরী কর্মকর্তা, বিসিক, জামালপুর
ছ) জনাব বিজয় কুমার দত্ত, সম্প্রসারণ কর্মকর্তা, বিসিক, জামালপুর

৫। এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের উদ্যোগ নিয়ে গৃহীত কার্যক্রম শিল্প মন্ত্রণালয়ের সচিবকে অবহিত করা জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত
০৩/০৪/২০১৯
কাজী মোঃ সায়েমুজ্জামান
সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব)
শিল্প মন্ত্রণালয়
ফোনঃ ০২-৯৫৬৩৫৮২
ই-মেইলঃ ps2secy@moind.gov.bd

স্মারক নম্বর: ৩৬.০০.০০০০.০২১.১৬.০০৩.১৮-৭৬

তারিখঃ ২০ চৈত্র ১৪২৫ / ০৩ এপ্রিল ২০১৯

বিতরণ সদয় অবগতি ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, শিল্প মন্ত্রণালয়, ৯১, মতিঝিল বা/এ, ঢাকা
২। চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), বিসিক, ঢাকা
৩। অতিরিক্ত সচিব (বিসিক), শিল্প মন্ত্রণালয়
৪। জনাব মোহাং সেলিম উদ্দিন, যুগ্ম, সচিব (বিসিক) ও নির্বাহী পরিচালক, এসএমসিআইএফ, শিল্প মন্ত্রণালয় (সচিব মহোদয়ের নির্দেশনা বাস্তবায়নের জন্য চেয়ারম্যান, বিসিক, ঢাকা'কে পত্র দেয়ার জন্য অনুরোধসহ)
৫। জেলা প্রশাসক, জামালপুর
৬। সিস্টেম এনালিস্ট, শিল্প মন্ত্রণালয়, ঢাকা
৭। জনাব সম্রাট আকবর, প্রমোশন অফিসার ও সহকারী মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), শিল্প সহায়ক কেন্দ্র, জামালপুর (শিল্প সচিবের নির্দেশনার পরিপ্রেক্ষিতে গৃহীত সুনির্দিষ্ট কার্যক্রম প্রতিমাসের ২৫ তারিখের মধ্যে সচিবের দপ্তর, শিল্প মন্ত্রণালয়কে পত্র মারফত অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)

০৩।৪।১৯

সচিবের একান্ত সচিব
(সিনিয়র সহকারী সচিব)
শিল্প মন্ত্রণালয়